রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০১/২০১৮ তারিখ : ১৪.০৫.২০১৮

বিষয় : চা চাষে চলতি পুঁজি ঋণ নীতিমালা।

দেশের উত্তরাঞ্চলে চা বাগান সৃষ্টির লক্ষ্যে ২০০৩ সালে বাংলাদেশ চা বোর্ড ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী পঞ্চগড় জেলায় 'ডেভেলপমেন্ট অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন নর্দান বাংলাদেশ' শীর্ষক প্রকল্পের আওতায় রাকাবের ৭টি শাখার মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম শুরু হয়। উক্ত প্রকল্পের মেয়াদ ২০০৯ সালে শেষ হওয়ায় বর্তমানে চা চাষে ঋণ প্রদান বন্ধ রয়েছে।

০২। প্রতিবছর শীতকালীন সময়ে অর্থাৎ ডিসেম্বর হতে মার্চ মাস পর্যন্ত চা গাছের পরিচর্যার কারণে চা পাতা সংগ্রহ বন্ধ থাকে। স্বাভাবিকভাবেই পরিচর্যাকালীন সময়ে চা চাষীগণ পরিচর্যার খরচ মেটানোর জন্য আর্থিক সংকটে পড়েন। তাছাড়া চা বাগানে সারা বছর নিয়মিতভাবে পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। চা চাষীদের এ অর্থ চাহিদা মেটানোর জন্য চলতি পুঁজি আকারে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে যে সব বাগানে চা পাতা উৎপাদন শুরু হয়েছে সে সব বাগানের মালিকগণকে বছরের যে কোন সময় এ ঋণ কর্মসূচির অন্তর্ভুক্ত করা যাবে।

০৩। এমতপ্রেক্ষিতে চা বাগানের মালিক/উদ্যোক্তাদের চলতি পুঁজি আকারে চা ঋণ প্রদানের লক্ষ্যে গত ০৭.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭৪তম সভায় 'চা চাষে চলতি পুঁজি ঋণ নীতিমালা' অনুমোদন করা হয়। ঋণ নীতিমালার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য (criteria) নিম্নরূপ :

(১) **ঋণ কর্মসূচির নাম :**
চা চাষে চলতি পুঁজি ঋণ নীতিমালা।

(২) **ঋণ কর্মসূচির উদ্দেশ্য :**
চা বাগানের পরিচর্যা ও রক্ষণাক্ষেণের জন্য চলতি পুঁজি ঋণ। এতে চা চাষী বিশেষ করে ক্ষুদ্র চা চাষীগণ চা বাগান সৃষ্টি বা সম্প্রসারণে উৎসাহিত হবেন এবং ব্যাংকের বিনিয়োগ বৃদ্ধি তথা উত্তরাঞ্চলের কৃষকদের আর্থিক উন্নয়নসহ জাতীয় আয় বৃদ্ধি পাবে।

(৩) **ঋণ প্রাপ্তির যোগ্যতা :**
কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত চা বাগানের মালিকগণ এ ঋণ সুবিধা পাওয়ার যোগ্য হবেন এবং বছরের যে কোন সময়ে এ কর্মসূচির আওতায় ঋণ গ্রহণের আবেদন করতে পারবেন।

(৪) **বাস্তবায়ন এলাকা :**
রাকাবের আওতাধীন রংপুর বিভাগের পঞ্চগড় জেলায় প্রাথমিকভাবে এ ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এ জেলার আওতাধীন প্রতিটি শাখা এলাকার কৃষকগণ সংশ্লিষ্ট শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন। পরবর্তীতে রংপুর বিভাগের অন্যান্য জেলায় চা চাষের উপযোগিতা বিশ্লেষণ করে পর্যায়ক্রমে এ ঋণ কর্মসূচি সম্প্রসারণ করা হবে।

(৫) **ঋণের আবেদন :**
এ ঋণের জন্য বর্তমানে প্রচলিত চলতি পুঁজি ঋণের আবেদন ফরম (এল.এফ-৮) ব্যবহার করতে হবে। অর্থবছরের যে কোন সময় এ ঋণের জন্য আবেদন করা যাবে। আলোচ্য ঋণের জন্য কোন আবেদন ফি গ্রহণ করা যাবে না। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২২.১২.২০১১ তারিখের সার্কুলার নং-১০/২০১১ মোতাবেক প্রতি হাজার টাকা ঋণ আবেদনের জন্য ৫.০০ টাকা হারে মূল্যায়ন ফি গ্রহণ করতে হবে। তবে মূল্যায়ন ফি'র পরিমাণ কোনক্রমেই ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অধিক হবে না।

(৬) **ঋণ প্রস্তাব মূল্যায়ন :**
শাখার সুপারভাইজারগণ ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত এবং কর্মকর্তাগণ পরিমাণ নির্বিশেষে ঋণ প্রস্তাব মূল্যায়ন করতে পারবেন।

(৭) **ঋণসীমা নির্ধারণ :**
চা পাতা উৎপাদনক্ষম বাগানের সারা বছরের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ খরচ বিবেচনায় বাংলাদেশ চা বোর্ড কর্তৃক নির্ণীত নিম্নোক্ত প্রাক্কলন অনুসরণে চলতি পুঁজির চাহিদা নিরূপন করতে হবে। এভাবে প্রাক্কলিত চলতি পুঁজির ৭০ ঃ ৩০ ঋণ-ইকুইটি অনুপাতে ঋণের লিমিট (ঋণসীমা) নির্ধারণ করতে হবে।

একর প্রতি চলতি পুঁজির প্রাক্কলন :

ক্রমিক নং	বিবরণ	প্রাক্কলিত খরচ
১	রাসায়নিক সার	৫,০৯০/- টাকা
২	জৈব সার	৪,৫৫৫/- টাকা
৩	কীটনাশক ও ছত্রাকনাশক	৬,৬৯৫/- টাকা
৪	সেচ খরচ	২,৭৩৩/- টাকা
৫	কৃষি সরঞ্জামাদি	৪,৫৫৫/- টাকা
৬	শ্রম খরচ	৪৬,৩৭১/- টাকা
৭	রক্ষণাবেক্ষণ ও বিবিধ	৪,৫০১/- টাকা
	মোট :	৭৪,৫০০/- টাকা
		(চুয়াত্তর হাজার পাঁচশত টাকা)

(৮) **ঋণ মঞ্জুরির ক্ষমতা :** (লক্ষ টাকায়)

ব্যবস্থাপনা পরিচালক	উপ-ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (পরিচালন)	মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়)	জোনাল ব্যবস্থাপক	জেলা শাখার ব্যবস্থাপক	উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা শাখার ব্যবস্থাপক	ইউনিয়ন শাখার ব্যবস্থাপক
২০০.০০	১০০.০০	৭৫.০০	২০.০০	১০.০০	৫.০০	৩.০০

(৯) ঋণের জামানত :
চলতি পুঁজি (হাইপো) ঋণের প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণাংকের ১.৫০ গুণ কভার করে নিরূপিত মূল্যের সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানত মূল্য নিরূপনের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ১০.১০.২০১৭ তারিখের সার্কুলার নং-০৮/২০১৭ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

(১০) ঋণের ডকুমেন্টেশন :
চলতি পুঁজি ঋণের প্রচলিত নিয়মে এ ঋণের ডকুমেন্টেশন করতে হবে। ঋণ নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ২৯.০৩.২০১১ তারিখের সার্কুলার নং-০২/২০১১ এবং ০২.০৫.২০১২ তারিখের সার্কুলার নং-০৪/২০১২ অনুসরণ করতে হবে।

(১১) ঋণ বিতরণ : মঞ্জুরিকৃত ঋণ নিরূপিত ড্রয়িং পাওয়ারের ভিত্তিতে (৭০ ঃ ৩০ অনুপাতে) বিতরণযোগ্য হবে।

(১২) ঋণ পরিশোধসূচি ও সুদের হার :
আলোচ্য ঋণের মেয়াদ হবে ঋণ মঞ্জুরির/নবায়নের তারিখ থেকে এক বছর। সুদের হার ১১%। ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য হবে। ঋণগ্রহীতাগণ শুধুমাত্র সুদের অর্থ পরিশোধ করে লিমিট নবায়ন/বর্ধিতকরণসহ নবায়ন করতে পারবেন। তবে ঋণটি সন্দেহজনক/মন্দ মানে শ্রেণীকৃত হলে সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র নবায়ন মঞ্জুর কার্যকর করা যাবে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রচলিত নিয়মানুযায়ী মঞ্জুরকারী কর্তৃপক্ষের এক ধাপ নীচের কর্তৃপক্ষ ঋণ নবায়ন করতে পারবেন।

(১৩) পরিদর্শন ও তদারকি : ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকির যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে এ সকল ঋণগ্রহীতার তালিকা ও কন্টাক্ট নম্বর সংরক্ষণ করবেন। এ খাতে প্রদত্ত ঋণের টাকা কোন অবস্থাতেই শ্রেণীকৃত হতে দেয়া যাবে না।

(১৪) শাখার করণীয় :
চা চাষের সাথে সম্পৃক্ত শাখার বিদ্যমান ঋণগ্রহীতাদের মধ্য থেকে ব্যাংকার-গ্রাহক সম্পর্ক ও ঋণ পরিশোধে সুনামের অধিকারী ঋণগ্রহীতাগণকে এ খাতে ঋণ প্রদানে অগ্রাধিকার দিতে হবে। ঋণের জামানত মূল্য নিরূপণের ক্ষেত্রে কোন অবস্থাতেই অতি মূল্যায়ন বা অবমূল্যায়ন করা যাবে না।

০৪। এ ঋণ কর্মসূচি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৫। এমতপ্রেক্ষিতে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে চা চাষে চলতি পুঁজি ঋণ বিতরণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৪.০৫.২০১৮
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/ঋওঅবি-১/৪৬/২০১৭-২০১৮/৭৩১(৪৪৪) তারিখ : ১৪.০৫.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :
০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

১৪.০৫.২০১৮
(মোঃ আব্দুল ওয়াহাব)
সহকারী মহাব্যবস্থাপক